



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
এফটিএ-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mincom.gov.bd](http://www.mincom.gov.bd)



বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে Memorandum of Cooperation স্বাক্ষর।

২০২৬ সালে বাংলাদেশ স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হবে। স্বল্পোন্নত দেশ হতে উত্তরণের পরিপ্রেক্ষিতে বাংলাদেশের রপ্তানি বাজার সংরক্ষণ, সম্প্রসারণ ও বিভিন্ন দেশে শুল্কমুক্ত প্রবেশাধিকার সুবিধা পাওয়ার লক্ষ্যে বাণিজ্য মন্ত্রণালয় ইতোমধ্যেই বাণিজ্যিকভাবে গুরুত্বপূর্ণ বিভিন্ন দেশ ও ট্রেড ব্লকের সাথে আঞ্চলিক বাণিজ্য চুক্তি সম্পাদনের উদ্যোগ গ্রহণ করেছে। সিঙ্গাপুর বাংলাদেশের একটি গুরুত্বপূর্ণ বাণিজ্যিক অংশিদার এবং এটি বাংলাদেশের বাণিজ্য সম্প্রসারণের জন্য একটি বাণিজ্য সম্ভাবনাময় এলাকা। পণ্য ছাড়াও সেবা ও বিনিয়োগ খাতেও সিঙ্গাপুরের সাথে বাংলাদেশের সম্পর্ক উন্নয়নের সম্ভাবনা রয়েছে। এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে প্রাথমিকভাবে দুই দেশের মধ্যে Free Trade Agreement স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গত ১৬ নভেম্বর ২০২২ তারিখে সিঙ্গাপুরের পরিবহণ ও বাণিজ্যমন্ত্রীর নেতৃত্বে ১১ সদস্যের একটি প্রতিনিধিদল মাননীয় বাণিজ্যমন্ত্রীর সাথে দ্বিপক্ষীয় বৈঠক মিলিত হয়। পরবর্তীতে দু'দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে “Memorandum of Cooperation on Trade and Investment between the Ministry of Commerce, Government of the People’s Republic of Bangladesh and the Ministry of Trade and Industry, Government of the Republic of Singapore” স্বাক্ষরিত হয়। এর ফলে বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে রপ্তানি ও বিনিয়োগ উল্লেখযোগ্য বৃদ্ধি পাবে এবং Free Trade Agreement সম্পাদনের লক্ষ্যে শীঘ্রই নেগোসিয়েশন আরম্ভ করা সম্ভব হবে। স্বাক্ষরিত Memorandum of Cooperation-এ দু'দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে প্রাথমিকভাবে ১৬টি সেক্টর উন্নয়নে গুরুত্বারোপ করা হয়েছে; যার মধ্যে Jute and jute products, textiles and apparels, agriculture, renewable energy, information and communications technology services, light engineering, leather and leather products, skills development, transport, logistics, digital economy and education services ইত্যাদি রয়েছে।



চিত্র: মাননীয় বাণিজ্যমন্ত্রীর সাথে সিঙ্গাপুরের মাননীয় পরিবহণ ও বাণিজ্যমন্ত্রীর দিপক্ষীয় বৈঠক



চিত্র: বাংলাদেশ ও সিঙ্গাপুরের মধ্যে স্বাক্ষরিত Memorandum of Cooperation হস্তান্তর।